

Visit of the Prime Minister of the United Kingdom to India (April 21-22, 2022)

April 22, 2022

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর ভারত সফর

এপ্রিল 22, 2022

ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী দ্য রাইট অনারেবল বরিস জনসন 21- 22 এপ্রিল 2022-এ ভারতে একটি সরকারি সফরে এসেছেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে এটা ওনার প্রথম ভারত সফর।

2. 22 শে এপ্রিল 2022 তারিখে প্রধানমন্ত্রী জনসনকে রাষ্ট্রপতি ভবনে তাকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয়, যেখানে প্রধানমন্ত্রী মোদী তাকে অভ্যর্থনা জানান। এরপরে প্রধানমন্ত্রী জনসন রাজঘাট পরিদর্শন করেন এবং মহাত্মা গান্ধীর স্মৃতি সৌধে ফুলের মালা দিয়ে তার শ্রদ্ধা জ্ঞাপন করেন।

3. প্রধানমন্ত্রী মোদী সফররত প্রধানমন্ত্রীর সাথে হায়দ্রাবাদ ভবনে দ্বিপাক্ষিক বৈঠক করেন এবং তার সম্মানে একটি নৈশভোজেরও আয়োজন করেন। এর আগে বিদেশ মন্ত্রী ডঃ জয়শংকর যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।

4. দ্বিপাক্ষিক বৈঠকে, দুই প্রধানমন্ত্রী 2021-এর মে মাসে ভার্সুয়াল শীর্ষ সম্মেলনে চালু হওয়া রোডম্যাপ 2030-এর অগ্রগতির প্রশংসা করেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের সর্বস্তরে আরও জোরদার এবং কর্ম ভিত্তিক সহযোগিতাকে অন্বেষণ করার প্রতি তাদের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করেন। তারা জারি থাকা এফটিএ সমঝোতা ও বর্ধিত বাণিজ্য অংশীদারিত্বের অগ্রগতির প্রশংসা করেন এবং 2022-র অক্টোবরের মধ্যে ব্যাপক ও সুসম বাণিজ্য চুক্তি কে সম্পূর্ণ করার জন্য সম্মত হন। এফটিএ 2030-এর মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যকে দ্বিগুণ করার রাস্তা প্রশস্ত করবে।

5. উভয় নেতা ভারত-ইউকে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের একটি মূল উপাদান হিসাবে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতাকে রূপান্তর করতে সম্মত হন এবং উভয় দেশের সশস্ত্র বাহিনীর চাহিদা পূরণের জন্য সহ-উন্নয়ন এবং সহ-উৎপাদন সহ প্রতিরক্ষা সহযোগিতার সুযোগ নিয়ে আলোচনা করেন। উভয় পক্ষ সাইবার সুরক্ষার ক্ষেত্রে বিশেষ করে সাইবার শাসন ক্ষেত্রে, সাইবার প্রতিরোধ এবং গুরুত্বপূর্ণ জাতীয় অবকাঠামো সুরক্ষা ক্ষেত্রে সহযোগিতাকে আরও জোরদার করার জন্য একটি যৌথ বিবৃতি প্রদান করেছেন। তারা সন্ত্রাসবাদ এবং উগ্র চরমপন্থার ক্রমাগত হুমকি মোকাবিলায় ঘনিষ্ঠভাবে সহযোগিতা করতে সম্মত হয়েছেন।

6. উভয় প্রধানমন্ত্রী ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চল, আফগানিস্তান, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ, জি20, এবং কমনওয়েলথ সহ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন। ভারত সামুদ্রিক সুরক্ষা স্তরের অধীনে ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগে যুক্তরাজ্যের যোগদানকে স্বাগত জানিয়েছে এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সম্পর্ককে বাড়াতে সম্মত হয়েছে।
7. দুই নেতা চলতে থাকা ইউক্রেন-রাশিয়া সংঘর্ষ নিয়েও আলোচনা করেছেন। প্রধান মন্ত্রী ক্রমাগত বেড়ে চলা মানবিক সংকটের জন্য তার গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং অবিলম্বে হিংসা বন্ধ করার জন্য এবং সরাসরি সংলাপ ও কূটনীতিতে ফিরে আসার একমাত্র পথকে পুনরায় আহ্বান করেছেন।
8. গতবছর সাফল্যের সাথে সিওপি26 আয়োজন করার জন্য প্রধানমন্ত্রী মোদী প্রধানমন্ত্রী জনসনকে ধন্যবাদ জানিয়েছেন। তারা প্যারিস চুক্তির লক্ষ্য অর্জনে এবং গ্লাসগো জলবায়ু চুক্তি বাস্তবায়নে উচ্চাভিলাষী জলবায়ু পদক্ষেপের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। তারা অফ-শোর উইন্ড এনার্জি এবং গ্রিন হাইড্রোজেন সহ পরিষ্কার শক্তির দ্রুত মোতায়েন এবং আইএসএ -এর অধীনে গ্লোবাল গ্রিন গ্রিড-ওয়ান সান ওয়ান ওয়ার্ল্ড ওয়ান গ্রিড উদ্যোগ (ওএসওডব্লুওজি) এবং সিডিআরআই -এর অধীনে আইআরআইএস প্ল্যাটফর্মের প্রাথমিক কার্যক্রম চালু করার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করতে সম্মত হয়েছেন, যেগুলি সিওপি26-এ ভারত এবং যুক্তরাজ্য যৌথভাবে চালু করেছিল।
9. সফরকালে, ভারত-ইউকে বৈশ্বিক উদ্ভাবন অংশীদারিত্ব বা গ্লোবাল ইনোভেশন পার্টনারশিপ এবং পরমানু শক্তির অংশীদারিত্বের বৈশ্বিক কেন্দ্র বা গ্লোবাল সেন্টার ফর নিউক্লিয়ার এনার্জি পার্টনারশিপ (জিসিএনইপি)-এর বাস্তবায়নের উপরে দুটি মৌ স্বাক্ষরিত হয়েছে। গ্লোবাল ইনোভেশন পার্টনারশিপের মাধ্যমে, ভারত এবং যুক্তরাজ্য তৃতীয় দেশে জলবায়ু স্মার্ট টেকসই উদ্ভাবন স্থানান্তর এবং বৃদ্ধি করার জন্য 75 মিলিয়ন পাউন্ড পর্যন্ত সহ-অর্থায়ন করতে সম্মত হয়েছে। এই অংশীদারিত্বের অধীনে তৈরি নভেল জিআইপি ফান্ড ভারতীয় উদ্ভাবনকে সমর্থন করার জন্য বাজার থেকে অতিরিক্ত 100 মিলিয়ন পাউন্ড সংগ্রহের লক্ষ্য রাখবে।
10. নিম্নলিখিত ঘোষণাগুলিও করা হয়েছে - (I) কৌশলগত প্রযুক্তি সংলাপ - 5জি, এআই ইত্যাদির মতো নতুন এবং উদীয়মান যোগাযোগ প্রযুক্তিগুলির উপর মন্ত্রী পর্যায়ের সংলাপ। (II) সমন্বিত বৈদ্যুতিক প্রপালশনে সহযোগিতা - দুই নৌবাহিনীর মধ্যে প্রযুক্তির যৌথ-উন্নয়ন
11. প্রধানমন্ত্রী জনসন এর আগে তার সফর শুরু করেছেন 21 শে এপ্রিল গুজরাটের আহমেদাবাদ ভ্রমণের মাধ্যমে। তিনি সেখানে সবারমতি আশ্রম, ভাদোদারার মাসওয়াদ ইন্ডাসট্রিয়াল এস্টেটে জেসিবি প্ল্যান্ট এবং গান্ধীনগরের জিআইএফটি শহরে গুজরাট জৈবপ্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছেন।

12. প্রধানমন্ত্রী মোদী 2023-এ ভারতের সভাপতিত্বে জি20 শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী জনসনকে আমন্ত্রণ জানিয়েছেন। প্রধানমন্ত্রী জনসন, প্রধানমন্ত্রী মোদীকে ইউকে তে সফর করার জন্য তার আমন্ত্রণকে পুনরায় ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী মোদী সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন।

যে মৌগুলি বিনিময় হয়েছে তার তালিকা

নিউ দিল্লি

এপ্রিল 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.